



গাজায় আবাসিক ভবনে ইসরায়েলি হামলায় নিহত ৫



ছবি: সংগৃহীত

গাজা সিটির পশ্চিমাঞ্চলের রিমাল এলাকায় ইসরায়েলি বিমান হামলায় একটি আবাসিক অ্যাপার্টমেন্টে পাঁচজন নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও ছয়জন। তাদের অবস্থা গুরুতর বলে জানিয়েছে আল-শিফা হাসপাতাল।

শনিবার ভোরে আল-আসালা ভবনে এ হামলা হয়। হামলার আগে বাসিন্দাদের কোনো সতর্কবার্তা দেওয়া হয়নি বলে জানিয়েছেন আল-জাজিরার প্রতিবেদক হানি আল-শায়ের।

আল-শিফা হাসপাতাল জানিয়েছে, নিহত চারজনই নারী। তাদের মধ্যে এক বয়স্ক খ্রিস্টান নারী ও তার মেয়েও রয়েছেন।

রিমাল এলাকায় অনেক বাস্তুচ্যুত মানুষ তাঁবু ও অস্থায়ী শিবিরে থাকছেন। হামলার সময় অধিকাংশ বাসিন্দা ঘুমিয়ে ছিলেন বলে জানান আল-শায়ের।

তিনি বলেন, একের পর এক তিনটি হামলা হয়। এতে অ্যাপার্টমেন্টগুলোতে আগুন ধরে যায় এবং বিস্ফোরণের প্রভাব নিচের তলাগুলোতেও পড়ে। ভবনের বেশ কিছু অংশ ক্ষতিগ্রস্ত হয়েছে।

আগুন নেভাতে বেসামরিক প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের প্রায় এক ঘণ্টা কাজ করতে হয়। এরপর ধ্বংসস্তূপে নিখোঁজদের খোঁজ ও মরদেহ উদ্ধারে অভিযান চালানো হয়।

উদ্ধারকাজের সময় ওই এলাকায় ইসরায়েলি ড্রোন উড়তে দেখা যায়। গাজার আকাশে যুদ্ধবিমান ওড়ার শব্দও শোনা যাচ্ছিল বলে জানান আল-শায়ের।